



মধ্যপ্রাচ্যে প্রবাসীদের নিরাপত্তায় সরকার সক্রিয়: পররাষ্ট্র প্রতিমন্ত্রী



শামা ওবায়দ। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের যুদ্ধকালীন পরিস্থিতিতেও সেখানে থাকা প্রবাসী বাংলাদেশীদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকার তৎপর রয়েছে। শুক্রবার (২০ মার্চ) সৌদি আরবের আলখারাজে ইরানি হামলায় নিহত মোশাররফ হোসেনের মরদেহ শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তার পরিবারের কাছে হস্তান্তর করার পর এ তথ্য জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ।

প্রতিমন্ত্রী জানান, “এ পর্যন্ত আমরা মধ্যপ্রাচ্যের যুদ্ধে পাঁচজন বাংলাদেশি নাগরিককে হারিয়েছি। সরকারের পক্ষ থেকে আমরা সবসময় তাদের পাশে আছি। যারা এখনও দেশগুলোতে রয়েছেন, তাদের নিরাপত্তা আমাদের অগ্রাধিকার। আমরা যা যা করার প্রয়োজন, তা করব।”

তিনি আরও বলেন, “আমাদের মিশনগুলো প্রবাসীদের সঙ্গে সরাসরি যোগাযোগ রাখছে এবং তাদের নিরাপদ অবস্থান নিশ্চিত করার চেষ্টা করছে। আমরা আশা করি, এই যুদ্ধাবস্থা শিগগিরই শেষ হবে। বাংলাদেশ চায় সমস্যার সমাধান কূটনীতি ও আলোচনার মাধ্যমে হোক।”

প্রতিমন্ত্রী সরকারের অবস্থান স্পষ্ট করে বলেন, “মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশ থেকে বাংলাদেশীদের ফেরত আনা হবে পর্যায়ক্রমে। যারা দেশে ফিরে আসতে ইচ্ছুক, তাদের জন্য সব ধরনের প্রস্তুতি রয়েছে এবং পরিস্থিতি অনুযায়ী আমরা তাদের নিরাপদে ফিরিয়ে আনব।”